

“সীসার সন্মুখে এগিয়ে যান” জুলাই 2021 সারসংক্ষেপ

প্রিয় সম্পত্তির মালিকগণ,

আইনের অধীনে সম্পত্তি মালিকগণকে তাদের বাধ্যবাধকতা সম্পর্কে তথ্য প্রদানের প্রতি আমাদের অস্বীকারকে আরও বৃদ্ধি করার জন্য, আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Housing Preservation and Development, HPD) অনলাইনে এবং ইমেলের মাধ্যমে ত্রৈমাসিক পুস্তিকা প্রকাশ করবে। প্রতিটি পুস্তিকা আইনের একটি বিষয়ে আলোকপাত করবে এবং এটি প্রয়োজ্য সকল আইনসমূহ বিস্তারিতভাবে আলোচনা করার উদ্দেশ্যে নয়। এই বুলেটিন, অন্যান্য ভাষায় [HPD's webpage](#) – এ পরবর্তী দুই সপ্তাহের মধ্যে *ব্রিফিং* শিরোনামে পাওয়া যাবে।

এই প্রকাশনা শুধুমাত্র তথ্যমূলক উদ্দেশ্যেই করা হচ্ছে এবং এর উদ্দেশ্য আইনি পরামর্শ দেওয়া নয়। এই তথ্য মালিক ও ভাড়াটিয়াদের নিউ ইয়র্ক সিটির আবাসন সংক্রান্ত আইন ও নিয়মাবলী সম্পর্কিত যাবতীয় কর্তব্যের সম্পূর্ণ বা চূড়ান্ত বিবৃতি নয়।

মনোযোগ দিন: পেইন্টের সীসার স্তর, যা 2004 সালের স্থানীয় আইন 1 এর প্রয়োজনীয়তাগুলিকে ড্রিগার তাতে পরিবর্তন হচ্ছে

NYC শৈশব সীসা বিষক্রিয়া প্রতিরোধ আইনের অধীনে, 2004 এর স্থানীয় আইন 1 (স্থানীয় আইন 1) নামেও পরিচিত, বর্তমানে কার্যকরী সীসা-ভিত্তিক পেইন্টের সংজ্ঞা হল, এমন পেইন্ট যাতে 1.0 মিলিগ্রাম / সেমি² বা তার বেশি পরিমাণে সীসা সামগ্রী রয়েছে। সীসা পেইন্ট বিষয়বস্তু হয় :

- একটি প্রত্যয়িত সীসা পরিদর্শক বা ঝুঁকি মূল্যায়নকারী দ্বারা সংগৃহীত একটি পেইন্ট চিপ নমুনার ল্যাবরেটরি বিশ্লেষণ; বা
- একটি এক্স-রে ফ্লোরসেন্স বিশ্লেষক (XRF) নামে একটি যন্ত্র দ্বারা, যা একটি প্রত্যয়িত সীসা পরিদর্শক বা ঝুঁকি মূল্যায়নকারী দ্বারা সাইটে ব্যবহার করা যেতে পারে। এই যন্ত্রটিকে মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নাগরিক উন্নয়ন বিভাগ কর্তৃক "অ্যাকশন লেবেল" নামক পরীক্ষার স্তরে অনুমোদিত হতে হবে। একটি পারফরম্যান্স চারিত্রিক শিট (Performance Characteristic Sheet, PCS) জারির মাধ্যমে অনুমোদন আনুষ্ঠানিক হয়, যা নির্দেশ করে, যে যন্ত্রটি পরীক্ষা করা হয়েছে এবং পরীক্ষিত এবং অনুমোদিত যন্ত্রের ফলাফল কীভাবে ব্যবহার করা যায় এবং বোঝা যায় সে সম্পর্কে নির্দেশিকা প্রদান করে।

2021 সালের 1 লা ডিসেম্বর তারিখে, 2019 সালের স্থানীয় আইন 66 এবং আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Housing Preservation and Development, HPD) কর্তৃক গৃহীত নিয়ম মেনে, সীসা-ভিত্তিক পেইন্টের সংজ্ঞা সংশোধন করা হবে এমন একটি পেইন্ট হিসেবে, যেটির সীসা সামগ্রী 0.5 মিলিগ্রাম/সেমি² বা তার চেয়ে বেশি পরিমাণের যা পরীক্ষাগারে বিশ্লেষণ দ্বারা নির্ধারিত হয় অথবা অনুমোদিত PCS সহ একটি XRF যন্ত্র এবং 0.5মিলিগ্রাম/সেমি² এর একটি পরীক্ষা কর্ম স্তরে প্রোগ্রাম করা হয়। মার্কিন যুক্তরাষ্ট্রের আবাসন ও নাগরিক উন্নয়ন বিভাগ, 0.5 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেবেলে পরীক্ষিত XRF যন্ত্র ভাইকেন ডিটেকশন মডেল Pb200i এর জন্য একটি PCS অনুমোদন করেছে। অতএব, যতক্ষণ না 0.5 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেবেলে পরীক্ষিত এই ধরনের বাণিজ্যিকভাবে

উপলব্ধ আরেকটি যন্ত্রের সেই অ্যাকশন লেভেলে একটি অনুমোদিত PCS জারি করা হয় ততক্ষণ এই যন্ত্রটি নিউ ইয়র্ক সিটিতে XRF পরীক্ষা চালানোর জন্য প্রয়োজনীয় ভাইকেন হবে।

0.5 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেভেলে পরীক্ষিত ডিটেকশন মডেল Pb200i এর PCS নিম্নরূপ ফলাফলগুলিকে শ্রেণিবদ্ধ করে যেমন:

- সীসা-ভিত্তিক পেইন্টের জন্য **ইতিবাচক** হয়, যদি যন্ত্রটি সীসা সামগ্রী 0.6 মিলিগ্রাম/সেমি² এর চেয়ে বড় বা সমান পরিমাপ করে
- সীসা-ভিত্তিক পেইন্টের জন্য **নেতিবাচক** হয়, যদি যন্ত্রটি সীসা সামগ্রী 0.4 মিলিগ্রাম/সেমি² এর চেয়ে কম বা সমান হয়
- সীসা ভিত্তিক পেইন্টের জন্য **অনির্দিষ্ট** হয়, যদি যন্ত্রটি সীসা সামগ্রী 0.5 মিলিগ্রাম/সেমি² এর সমান পরিমাপ করে।

সীসার নিম্ন স্তরে পেইন্টে সীসা পরীক্ষা করার জন্য মেশিনের সংবেদনশীলতার এই পরিবর্তনটির অর্থ হল যে, 1.0 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেভেলে XRF যন্ত্র ব্যবহার করে সীসা-ভিত্তিক পেইন্টের জন্য, পূর্বে নেতিবাচক হিসাবে পরীক্ষা করা পৃষ্ঠগুলি প্রোগ্রাম করা একটি অনুমোদিত যন্ত্র ব্যবহার করার সময় 0.5 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেভেলে ইতিবাচক পরীক্ষা করতে পারে, যেটি 1 লা ডিসেম্বর 2021 সালের পরে প্রয়োজন হবে।

বিল্ডিং মালিকদের জন্য এর অর্থ কী?

পরিবর্তন স্থানীয় আইন 1 এর অধীনে অন্তর্ভুক্ত সমস্ত প্রয়োজনীয়তাগুলিকে প্রভাবিত করে, কিন্তু সীমাবদ্ধ নয়:

- সীসা-ভিত্তিক পেইন্টের বিপদের জন্য HPD আইনলঙ্ঘন জারি করা
- ইউনিটের টার্নওভারে প্রযোজ্য প্রয়োজনীয়তাগুলির সাথে সন্মতি
- 2025 সালের মধ্যে স্থানীয় আইন 1 এর অধীনে সমস্ত ইউনিটে XRF পরীক্ষা সম্পন্ন করার প্রয়োজনীয়তা মেনে চলা
- HPD দ্বারা জারি সীসা ভিত্তিক পেইন্টে ছাড়

প্রতিটি প্রক্রিয়ার জন্য প্রাসঙ্গিক পরিবর্তন সম্পর্কে আরো সুনির্দিষ্ট তথ্যের জন্য সংযুক্ত [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন নথিটি](#) **অনুগ্রহ করে সাবধানে পর্যালোচনা করুন।**

HPD আইনলঙ্ঘন প্রক্রিয়ায় এই পরিবর্তনটি কী প্রভাব ফেলবে তার একটি ব্যাখ্যা নিচে দেওয়া হল:

- **বর্তমান:** যেখানে ছয় বছরের কম বয়সী একটি শিশু বাস করে এবং XRF পরীক্ষা করে পেইন্টটি খোসে পরছে এমন 1960 এর আগে নির্মিত বিল্ডিংয়ের অ্যাপার্টমেন্টগুলিতে HPD চাক্ষুষ পরিদর্শন পরিচালনা করে।
 - XRF যন্ত্র দ্বারা সীসা সামগ্রী 1.0 মিলিগ্রাম/সেমি² বা তার বেশি হলে সীসার জন্য **পেইন্ট ইতিবাচক হয়।** HPD তখন সীসা-ভিত্তিক পেইন্টের বিপদের জন্য আইনলঙ্ঘন জারি করবে। একজন মালিক এই আইনলঙ্ঘনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
 - XRF যন্ত্র দ্বারা 0.9 মিলিগ্রাম /সেমি² বা তার কম সীসা সামগ্রী নির্ধারিত হলে **পেইন্ট নেতিবাচক হয়।** HPD তখন সীসা-ভিত্তিক পেইন্টের বিপদের জন্য আইনলঙ্ঘন জারি করবে না।
 - **পেইন্টটি পরীক্ষিত নয় তবে** স্থানীয় আইন 1 এ প্রতিষ্ঠিত অনুমানের ভিত্তিতে **সীসা-ভিত্তিক পেইন্ট বলে মনে করা হয়।** যদি একজন পরিদর্শক একটি অ্যাপার্টমেন্টে ছয় বছরের কম বয়সী একটি শিশুকে দেখেন এবং পেইন্টটি খোসে পড়ছে কিন্তু ফলো-আপ পরিদর্শনের সময় সেই পরিদর্শক বা HPD দ্বারা পেইন্টটি পরীক্ষা করা সম্ভব না হয়, তাহলে HPD একটি অনুমিত সীসা-ভিত্তিক পেইন্টের বিপদ আইনলঙ্ঘন জারি করে। একজন মালিক ল্যাবরেটরি বা XRF পরীক্ষার ফলাফল প্রদান করে এই আইনলঙ্ঘনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন যা দেখায় যে পেইন্টটি 1.0 মিলিগ্রাম/সেমি² এর কম সীসা সামগ্রী রাখার জন্য নির্ধারিত হয়েছে। XRF পরীক্ষাটি 1.0 মিলিগ্রাম/সেমি² অ্যাকশন লেভেলে

অনুমোদিত PCS সহ একটি যন্ত্র ব্যবহার করে এবং 1.0 মিলিগ্রাম/সেমি^২ পরীক্ষার অ্যাকশন লেভেলেই পরীক্ষা করা আবশ্যিক।

- **1 লা ডিসেম্বর, 2021 সাল থেকে শুরু হচ্ছে:** HPD পরিদর্শকরা একই প্রক্রিয়া ব্যবহার করে পরিদর্শন চালিয়ে যাবেন কিন্তু 0.5 মিলিগ্রাম/সেমি^২ অ্যাকশন লেভেলে অনুমোদিত PCS এর সাথে XRF যন্ত্র ব্যবহার করা হবে এবং 0.5 মিলিগ্রাম/সেমি^২ এর অ্যাকশন লেভেলে পরীক্ষা সেট করা হবে।
 - XRF যন্ত্র দ্বারা সীসা সামগ্রী 0.6 মিলিগ্রাম/সেমি^২ বা তার বেশি হলে সীসার জন্য **পেইন্ট ইতিবাচক হয়।** HPD তখন সীসা-ভিত্তিক পেইন্টের বিপদের জন্য আইনলঙ্ঘন জারি করবে। একজন মালিক এই আইনলঙ্ঘনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
 - XRF যন্ত্র দ্বারা সীসা সামগ্রী 0.4 মিলিগ্রাম/সেমি^২ বা তার কম হলে সীসার জন্য **পেইন্ট নেগেটিভ হয়।** HPD তখন সীসা-ভিত্তিক পেইন্টের বিপদের জন্য আইনলঙ্ঘন জারি করবে না।
 - **পেইন্টটি পরীক্ষিত নয়** তবে স্থানীয় আইন 1 এ প্রতিষ্ঠিত অনুমানের ভিত্তিতে **সীসা-ভিত্তিক পেইন্ট বলে মনে করা হয়।** বর্তমান প্রক্রিয়ার মতোই, যদি একজন পরিদর্শক একটি অ্যাপার্টমেন্টে ছয় বছরের কম বয়সী একটি শিশুকে দেখেন এবং পেইন্টটি খোসে পড়ছে কিন্তু ফলো-আপ পরিদর্শনের সময় সেই পরিদর্শক বা HPD দ্বারা পেইন্টটি পরীক্ষা করা সম্ভব না হয়, তাহলে HPD একটি অনুমিত সীসা-ভিত্তিক পেইন্টের বিপদ আইনলঙ্ঘন জারি করে। একজন মালিক ল্যাবরেটরি বা XRF পরীক্ষার ফলাফল প্রদান করে এই আইনলঙ্ঘনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন যা দেখায় যে পেইন্টটি 0.5 মিলিগ্রাম/সেমি^২ এর কম সীসা সামগ্রী রাখার জন্য নির্ধারিত হয়েছে। XRF পরীক্ষাটি 0.5 মিলিগ্রাম/সেমি^২ অ্যাকশন লেভেলে অনুমোদিত PCS সহ একটি যন্ত্র ব্যবহার করে এবং 0.5 মিলিগ্রাম/সেমি^২ পরীক্ষার অ্যাকশন লেভেলেই পরীক্ষা করা আবশ্যিক।
 - **পেইন্টকে 0.5 মিলিগ্রাম/সেমি^২ এ সীসা সামগ্রীর জন্য "অনির্দিষ্ট" হিসাবে পরীক্ষা করা হয় এবং এটি সীসা ভিত্তিক পেইন্ট বলে মনে করা হয়।** এই ফলাফলের জন্য নির্দিষ্ট একটি নতুন আইনলঙ্ঘন আদেশ নম্বর সহ HPD একটি অনুমিত সীসা-ভিত্তিক পেইন্টের বিপদ আইনলঙ্ঘন জারি করবে। একজন মালিক শুধুমাত্র ল্যাবরেটরি পরীক্ষার ফলাফল প্রদান করে এই আইনলঙ্ঘনের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন, যা দেখায় যে পেইন্টটি 0.5 মিলিগ্রাম/সেমি^২ এর কম সীসা সামগ্রী রাখার জন্য নির্ধারিত হয়েছে। প্রতিদ্বন্দ্বিতার জন্য XRF পরীক্ষা গ্রহণ করা হবে না।